



# এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

## SDS (Shariatpur Development Society)



### নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং: ২০২৪-২০২৫.০০০.৩৬

তারিখ: ১৯/০৬/২০২৫ইং

সবার জন্য বসবাস যোগ্য, ন্যায্য ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯১ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করেছে। দাতা সংস্থা পিকেএসএফ এর পরিচালনায় “Rural Microenterprise Transformation Project (RMTP)” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ভ্যালু চেইন ফ্যাসিলিটের	০১	সর্বসাকুল্যে ৭২,০০০/- টাকা বেতন ভাতা প্রদান করা হবে। প্রকল্পের বরাদ্দ অনুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবে।	৩২-৪৫ বছর	<ul style="list-style-type: none"><li>প্রার্থীকে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে একোয়াকালচার/মৎস্য/মৎস্য ব্যবস্থাপনা/মৎস্য প্রযুক্তি/মৎস্য জীববিজ্ঞান এবং জেনেটিক্স বিষয়ে স্নাতকোত্তর।</li><li>সর্বনিম্ন ৩ বছরের উক্ত পদে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।</li><li>মোটরসাইকেল চালনায় পারদর্শীতাসহ বৈধ লাইসেন্স থাকতে হবে।</li><li>কম্পিউটার পরিচালনায় দক্ষ সহ চমৎকার আন্তঃব্যক্তিক দক্ষতা এবং দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।</li></ul>
০২	ই-কমার্স কর্মকর্তা	০১	সর্বসাকুল্যে ৬০,০০০/- টাকা বেতন ভাতা প্রদান করা হবে। প্রকল্পের বরাদ্দ অনুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবে।	৩২-৪৫ বছর	<ul style="list-style-type: none"><li>মার্কেটিং/কম্পিউটার সাইন্স অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (তবে PACE ই-কমার্স প্রকল্পে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।</li><li>ই-কমার্স মার্কেটিং, গ্রাফিক ডিজাইন, সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্ট বিষয়ে কমপক্ষে ৮ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।</li><li>উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানে দক্ষতা থাকতে হবে।</li><li>ডিজিটাল টুলস (Canva, Meta Business Suite, Google Forms, Excel) ব্যবহারে পারদর্শী হতে হবে।</li><li>স্থানীয় ভাষা, রীতি নীতি সম্পর্কে ধারণা এবং মাঠ পর্যায়ে কাজের আগ্রহ থাকতে হবে।</li></ul>

#### শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের ডাক যোগে অথবা মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে।
- আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর জন্ম তারিখ/জাতীয় পরিচয়পত্র নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদন পত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- দরখাস্তের সাথে ২কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি নাগরিকত্ব সনদ পত্র অভিজ্ঞতার সনদ পত্র, জাতীয় পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স এর কপি সমূহ সংযুক্ত করতে হবে।
- প্রকল্পের বরাদ্দ অনুযায়ী বেতন কাঠামো, বার্ষিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, ২টি উৎসব ভাতা ও বাংলা নববর্ষের উদযাপন ভাতা, কর্মী কল্যান তহবিল ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হবে। চাকুরীরত প্রার্থীকে প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। নিয়োগ পরীক্ষার সময় সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।
- আগামী ২৬/০৬/২০২৫ইং তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে আথবা ইমেইলে আবেদনপত্র জমা দিতে হবে।  
আবেদন পাঠানোর ঠিকানা: সরাসরি বা ডাকযোগের জন্য, এসডিএস প্রধান কার্যালয়- সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ। ইমেইল: [recruitmentsdsbd@gmail.com](mailto:recruitmentsdsbd@gmail.com)
- বিস্তারিত জানার জন্য ০১৩২৫০৬০২০৩ নাম্বারে যোগাযোগ করতে বলা হলো। (শুধুমাত্র সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০ ঘটিকা অর্থাৎ অফিস চলাকালীন সময়ে রবি থেকে বৃহস্পতিবার পর্যন্ত)

#### উপ-পরিচালক

মানব সম্পদ বিভাগ

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh.

Cell: 01325060185, Tel: 02478815406, web: [www.sdsbd.org](http://www.sdsbd.org), e-mail: [sds.shariatpur@gmail.com](mailto:sds.shariatpur@gmail.com)

Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 0374-04616-00229